

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৪৯

খোয়াই, ৯ জুলাই, ২০২৪

খোয়াই মহকুমায় ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা

খোয়াইয়ের অফিসটিলা সরকারি গোডাউনে গতকাল কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা হয়েছে। এ উপলক্ষে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, মহকুমা খাদ্য নিয়ামক সঞ্জীত দেববর্মা, কৃষি তত্ত্বাবধায়ক শ্রীকান্ত নাথ প্রমুখ। অনুষ্ঠানে কৃষি তত্ত্বাবধায়ক জানান, খোয়াই মহকুমায় আগামী ১৭ জুলাই পর্যন্ত কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা হবে। প্রতি কেজি ধান ২১ টাকা ৮৩ পয়সা দরে ক্রয় করা হবে। মহকুমায় ১ হাজার মেট্রিকটন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা রয়েছে।
